
তারিখ 24 JUN 2015
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

E-mail: jugantordotcom@yahoo.com

# গ্রামে বিজ্ঞানে বিপ্লব করছে সায়েন্স ফোরাম-২১

জাপানের বিজ্ঞানভিত্তিক সংস্থা সায়েন্স ফোরাম-২১ বাংলাদেশের প্রত্যন্ত গ্রাম অঞ্চলের বিজ্ঞান শিক্ষার উন্নতি, প্রসার ও জনপ্রিয়করণে কাজ করে আসছেন দীর্ঘদিন থেকেই। এরই মধ্যে বাংলাদেশে এসএফ২১ এর কয়েকটি প্রকল্প চলমান আছে, সব আয়োজনই ঢাকাসহ দেশের প্রত্যন্ত গ্রাম-অঞ্চলকেন্দ্রিক। সম্প্রতি দেশের ৭টি জেলার ১৪টি স্কুলে অনুষ্ঠিত হয়েছে "আমরা বিজ্ঞানের বই পড়ি" We Read Science Book নামে প্রকল্পটি; সারা বছরই এই আয়োজন চলবে আশা করা যাচ্ছে, "আমরা বিজ্ঞানের বই পড়ি" এর উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশী বিজ্ঞান লেখকদের বাংলা



সায়েন্স ফোরাম-২১ এর একটি অনুষ্ঠান

ভাষায় লেখা বিজ্ঞান বইয়ের সঙ্গে ছাত্র-ছাত্রীদের পরিচিতি, যাতে পাঠ্যপুস্তকের পাশাপাশি ছেলেমেয়েরা বিজ্ঞানবিষয়ক বইগুলো দেখে এবং পড়ে বিজ্ঞানের আসল মজাটা তারা উপলব্ধি করতে পারে।

শুধু ছেলেমেয়েদের স্কুলের পাঠ্যপুস্তককেন্দ্রিক পড়ে থাকলে বিজ্ঞানের আসল মজাটা পাওয়াটা দুষ্কর বলে মন্তব্য করে সায়েন্স ফোরাম ২১ এর বাংলাদেশের প্রকল্প সমন্বয়ক আছিব চৌধুরী। তিনি আরও বলেন, দেশে দিন দিন বিজ্ঞান শিক্ষার হার ভয়ানকভাবেই কমে যাচ্ছে, যা অদূর ভবিষ্যতে বাংলাদেশের জন্য হুমকি, ছেলেমেয়েদের পাঠ্যপুস্তকের পাশাপাশি বিজ্ঞানের বই পড়া, বিজ্ঞান বিষয়ক ম্যাগাজিন পড়া, বিজ্ঞানভিত্তিক কুইজে অংশগ্রহণ, বিজ্ঞান মেলায় অংশগ্রহণ, শিশু কিশোর বিজ্ঞান কংগ্রেসে অংশগ্রহণ, বিজ্ঞানবিষয়ক সেমিনার ও হাতে কলমে বিজ্ঞান শিক্ষার আগ্রহ বাড়ানোসহ আইসিটিতেও আগ্রহ বাড়াতে হবে। সঙ্গে প্রত্যন্ত গ্রাম-অঞ্চলের বিজ্ঞান শিক্ষকদের বিজ্ঞানবিষয়ক সেমিনার ও হাতে কলমে বিজ্ঞান শিক্ষার প্রক্রিয়া আরও বেশি বেশি হওয়া জরুরি। গণিত ও বিজ্ঞান শিক্ষকদের জন্য বিজ্ঞানবিষয়ক সেমিনার, কর্মশালার পাশাপাশি বিভিন্ন জেলা/উপজেলায় বিজ্ঞানবিষয়ক ক্যাম্প করা জরুরি। ইতিমধ্যে সায়েন্স ফোরাম ২১ অনেকগুলো পাইলট প্রকল্প হাতে নিয়েছে এবং সব প্রকল্প চলমান আছে। যেমন, স্কুলের শিক্ষকদের জন্য বিজ্ঞান বিষয়ক সেমিনার ও কর্মশালা, চিলড্রেন সায়েন্স ওয়ার্ল্ড (বিজ্ঞান বক্তৃতা), আমরা বিজ্ঞানের বই পড়ি, ফ্রি সায়েন্স লেকচার (কোচিং) সুবিধাবঞ্চিত ছেলেমেয়েদের জন্য, স্কুলের ল্যাবরেটরি উন্নয়নসহ ইত্যাদি। এ ব্যাপারে সায়েন্স ফোরাম ২১ এর প্রতিষ্ঠাতা ড. কৃষ্ণা জী নাথ বলেন, সায়েন্স ফোরাম ২১ এর একটি বোর্ড পরিচালকসহ টিম জাপানে আছেন, সেখান থেকে সব ধরনের কার্যক্রম পরিচালনা করা হয়। জাপানের পাইনেট জাপান নামক একটি সংস্থা বিজ্ঞানের শিক্ষকদের সেমিনার ও কর্মশালার আয়োজনে সহযোগিতা করে। এর আগেও নানা প্রকল্পের মাঝে একটি প্রকল্প স্কুলের বিজ্ঞান ল্যাবরেটরি উন্নয়ন নিয়ে কাজ করেছি, ইতিমধ্যে আমরা বরিশালের ২-৩টি স্কুলের ল্যাব উন্নয়ন করেছি, আরও কিছু সামনে পরিকল্পনা আছে। আমরা বিজ্ঞানের বই পড়ি প্রকল্প ও চিলড্রেন সায়েন্স ওয়ার্ল্ড এর আয়োজনের সহযোগিতায় সায়েন্স ফোরাম ২১ এর সঙ্গে আছেন জাপানের কাকেগাওয়া ইংলিশ কনভার্সন সার্কেল। তিনি আরও জানান, আমাদের সামনের বছরগুলোতে আরও কিছু পরিকল্পনা আছে, যা ধীরে ধীরে শুরু করব এবং চালিয়ে নিব। আমরা দেশের প্রতিটি জেলা/উপজেলায় ছড়িয়ে দিতে চাই বিজ্ঞানের আলো সেই সঙ্গে সত্যিকারের বিজ্ঞানের আসল মজাটা তাদের উপলব্ধি করাতে চাই, চাই শিক্ষকদের বিজ্ঞান বিষয়ে হাতে কলমে আরও দক্ষ করে তুলতে। এ ব্যাপারে সবাইকে কাজ করার আহ্বান জানান এবং বিশ্ববিদ্যালয় পড়ুয়া ছাত্র-ছাত্রীদের ও বিজ্ঞানের স্বেচ্ছাসেবকদের সহযোগিতা জরুরি বলে মনে করেন, তিনি সায়েন্স ফোরাম ২১ এসব কাজের পুরো দায়িত্ব নিয়ে সাফল্যের সঙ্গে কাজ এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বিশেষ ধন্যবাদ জানান প্রকল্প সমন্বয়ক আছিব চৌধুরীকে এবং তাঁর উদ্যোগকে "চল চল গ্রামে চল, সবার আগে গ্রাম গড়"। এ সম্পর্কে আরও বিস্তারিত জানা যাবে https://www.facebook.com/letsgovillage এই ঠিকানায়।

—এম. মিজানুর রহমান সোহেল